যুগান্তর

তারিখ ... 28 SEP 2016 ... পৃষ্ঠা ...20... কলাম ...8...

কওমি শিক্ষা সনদের স্বীকৃতি

# খসড়া আইন প্রণয়নে ৯ সদস্যের কমিটি

**যুগান্তর রিপোর্ট**

কওমি শিক্ষা সনদের সরকারি স্বীকৃতি দেয়ার লক্ষ্যে সরকার কওমি মাদ্রাসা শিক্ষা কর্তৃপক্ষ গঠন করবে। এর প্রয়োজনে একটি যুগোপযোগী আইনের খসড়া তৈরির লক্ষ্যে ৯ সদস্যের কমিটি গঠন করেছে সরকার। শোলাকিয়ার ইমাম ও ইকরা বাংলাদেশের পরিচালক

■ পৃষ্ঠা ১৫ : কলাম ৬

# খসড়া আইন প্রণয়নে ৯ সদস্যের কমিটি

(শেষ পৃষ্ঠার পর)

মাওলানা আল্লামা ফরিদ উদ্দিন মাসউদকে আহ্বায়ক করে ৯ সদস্যের কমিটি গঠন করা হয়েছে। মঙ্গলবার এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

মঙ্গলবার যুগান্তরে কওমি শিক্ষা নিয়ে বিশেষ আয়োজন ছিল। প্রধান পাতার শীর্ষ সংবাদসহ প্রতিমঞ্চ পাতাজুড়ে ছিল এই আয়োজন। এতে কওমি শিক্ষা, সনদের স্বীকৃতিসহ অন্যান্য দিক তুলে ধরা হয়।

শিক্ষাসচিব মো. সোহরাব হোসাইন স্বাক্ষরিত ওই প্রজ্ঞাপনে বলা হয়, কওমি মাদ্রাসা শিক্ষা ব্যবস্থাপনা, শিক্ষাদানের বিষয় এবং কওমি শিক্ষা সনদের স্বীকৃতি দেয়ার লক্ষ্যে সুপারিশমালা প্রণয়নের জন্য ২০১২ সালের ১৫ এপ্রিল ১৭ সদস্যের কমিশন গঠন করা হয়। বাংলাদেশ কওমি মাদ্রাসা শিক্ষা কমিশন নামে ওই কমিশনের 'কওমি মাদ্রাসা শিক্ষা কর্তৃপক্ষ' গঠনের সুপারিশ করেছিল। সে অনুযায়ী 'বাংলাদেশ কওমি মাদ্রাসা শিক্ষা কর্তৃপক্ষ আইন ২০১৩'-এর খসড়া প্রস্তুত করা হয়েছিল। ইতিপূর্বে তৈরিকৃত এ খসড়া অধিকতর উপযোগীকরণের লক্ষ্যে পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সুপারিশ/মতামত দাখিলের জন্য কমিটি গঠন করা হল।

কমিটিতে গোপালগঞ্জের গওহরডাঙ্গা মাদ্রাসার মহাপরিচালক মুফতি রুহুল আমিনকে সদস্যসচিব করা হয়েছে। কমিটির অন্য সদস্যরা হলেন— চট্টগ্রাম জামেয়া দারুল মা'আরিফের মহাপরিচালক মাওলানা সুলতান যওক নদভী, চট্টগ্রাম পটিয়া মাদ্রাসার মহাপরিচালক মাওলানা আবদুল হালিম বোখারী, কিশোরগঞ্জ জামেয়া ইমদাদিয়ার মুহতামিম মাওলানা আনোয়ার শাহ, সিলেট খাদিমনগরের দক্ষিণকাছ হোসাইনিয়া ইসলামিয়া মাদ্রাসার শায়খুল হাদীস মাওলানা আবদুল বাসেত বরকতপুরি, ঢাকা ফরিদাবাদ মাদ্রাসার মুহতামিম মাওলানা আবদুল কুদ্দুস, ঢাকার বসুন্ধরার ইসলামিক রিসার্স সেন্টারের সিনিয়র মোহাদ্দিস মুফতি এনামুল হক এবং খুলনার জামিয়া মাদানীয়া মাদ্রাসার প্রিন্সিপাল মাওলানা ইমদাদুল্লাহ কাশেমী। ১৫ দিনের মধ্যে সরকারের কাছে সুপারিশ দাখিল করতে বলা হয়েছে। কমিটি প্রয়োজনে আরও সদস্য অন্তর্ভুক্ত করতে পারবে। ২০১২ সালের ১৫ এপ্রিল ১৭ সদস্যের কমিটি গঠন করা হয়েছিল। ওই কমিটিতে হাটহাজারী মাদ্রাসার মহাপরিচালক মাওলানা আহমদ শফীকে প্রধান করা হয়। বর্তমান কমিটির আহ্বায়ক ছিলেন ওই কমিটির কো-চেয়ারম্যান।

**সংশোধনী :** মঙ্গলবার যুগান্তরে প্রকাশিত '৮ কিলোমিটারে ৬৭ মাদ্রাসা' শীর্ষক সংবাদে বেফাকুল মাদারিসিল আরাবিয়া বাংলাদেশের (বেফাক) মহাসচিব হিসেবে ভুলক্রমে 'মাওলানা আবদুল আজিজ জাহানাবাদী' নাম প্রকাশিত হয়েছে। প্রকৃতপক্ষে নামটি হবে 'মাওলানা মুহাম্মাদ আবদুল জব্বার জাহানাবাদী'।